

তারিখ: ১৮ জুন ২০০২
 পৃষ্ঠা: ৬

বাগড়াছড়ি জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

বাগড়াছড়ি জেলা সংবাদমাতা :
 জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে গুণমূলক
 পর্যায়ে সুসংগঠিত করে সকল পিতা
 কিশোরকে শিক্ষার অংকায় অনা এবং
 বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে গত ৯ হুন সকাল
 ১১টায় জেলা পরিষদের বেইট হাউজে
 মিলনায়তনে জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের
 কর্মকর্তাদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত
 হয়। বাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

চেয়ারম্যান নক্ষত্র বাল দের বর্মনের
 সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে
 উপস্থিত ছিলেন জেলা পরিষদ সদস্য ও
 শিক্ষা বিভাগের আহ্বায়ক মোঃ হাক্কম উর
 রাশিদ ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা
 ইন্সপেক্টর চাকমা, সহকারী জেলা প্রাথমিক
 শিক্ষা কর্মকর্তাসহ জেলার ৮ উপজেলার
 শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা
 অফিসাররা। সভায় ব্যাপক আলোচনার
 প্রেক্ষিতে জেলার ১০১টি সহকারী শিক্ষক-
 শিক্ষিকা ৪৯টি প্রধান শিক্ষকের শূন্যপদ
 পূরণে ত্বরিত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত
 হয়। এছাড়া উপস্থিত শিক্ষা অফিসারেরা
 উপজেলার প্রাথমিক স্কুল পাঠদান সুনিশ্চিত
 করতে শূন্য পদতুলোতে শিক্ষক নিয়োগের
 অনুরোধ জানান। চেয়ারম্যান সকলের
 বক্তব্য মনোযোগ সহকারে শুনে এবং এ
 ব্যাপারে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।
 চেয়ারম্যান শিক্ষা অফিসারসহ শিক্ষকদের
 উদ্দেশে বলেন, শিক্ষক ও অভিভাবকদের
 মনো সমন্বয় না থাকলে আধুনিক শিক্ষা
 সাধন করা যায় না। তাই শিক্ষক-
 অভিভাবকদের মধ্যে সুসম্পর্ক তৈরী করে
 ১৫/ছাত্রীবা নিয়মিত ফুলে-ফাসে কিনা তার
 দিকে সুনকর রাখার প্রতি তিনি গুরুত্বারোপ
 করেন।

সভায় জেলা পরিষদ সদস্য মোঃ হাক্কম-উর-
 রাশিদ বলেন, বাংলাদেশের ৬১ জেলার শিক্ষা
 নীতিমালার তুলনায় তিন পার্বত্য জেলার
 শিক্ষা নীতিমালা অনেকটা ভিন্ন। তাই তিন
 পার্বত্য জেলার শিক্ষা কার্যক্রম সরকার
 পার্বত্য জেলা পরিষদের কাছে হস্তান্তর
 করেছে।